



...
দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
১ সেগুনবাগিচা, ঢাকা।
www.acc.org.bd



নম্বর: ০০.০১.০০০০.১০৪.২১.০০১.১৯.৬৯

তারিখ: ১০ মাঘ ১৪২৭
২৪ জানুয়ারি ২০২১

অফিস আদেশ

বিষয়: কোভিড-১৯ মহামারীর কারণে গোপনীয় অনুবেদন ফর্মে স্বাস্থ্য পরীক্ষা প্রতিবেদন হতে অব্যাহতি প্রদান এবং ২০২০ সনের গোপনীয় অনুবেদনের ক্ষেত্রে বর্তমান ও পূর্ববর্তী উভয় ফর্মই কার্যকর থাকা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিদ্যমান কোভিড-১৯ মহামারীর কারণে ২০২০ সনের বার্ষিক/আংশিক গোপনীয় অনুবেদন ফর্ম দাখিলের ক্ষেত্রে স্বাস্থ্য প্রতিবেদন গ্রহণের আবশ্যিকতা হতে অব্যাহতি প্রদান করা হলো এবং জনপ্রশাসন মন্ত্রণালয়, সিআর-৩ শাখার অফিস আদেশ নম্বর ০৫.০০.০০০০.১০২.২২.০০১.১৬ (অংশ-১)-০৬, তারিখ: ০৭/০১/২০২১ মোতাবেক জারীকৃত গোপনীয় অনুবেদন ফর্ম [বাংলাদেশ ফর্ম নং ২৯০-ঘ (২০২০ পর্যন্ত সংশোধিত)] অথবা উক্ত অফিস আদেশ জারির পূর্বের গোপনীয় অনুবেদন ফর্ম (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তাগণের জন্য) ২০২০ সনের সকল বার্ষিক/আংশিক গোপনীয় অনুবেদন দাখিলের ক্ষেত্রে বর্তমান ও পূর্ববর্তী উভয় ফর্মই গ্রহণযোগ্য হবে।

২৪-১-২০২১

ড. মু: আনোয়ার হোসেন হাওলাদার
সচিব

ফোন: ০২-৫৮৩১৬২০৭

ইমেইল: secretary@acc.org.bd

নম্বর: ০০.০১.০০০০.১০৪.২১.০০১.১৯.৬৯/১(১৪)

তারিখ: ১০ মাঘ ১৪২৭
২৪ জানুয়ারি ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মহাপরিচালক (সকল), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২) চেয়ারম্যান-এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় চেয়ারম্যান-এর সানুগ্রহ অবগতির জন্য)।
- ৩) কমিশনার (অনুসন্ধান)-এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় কমিশনার (অনুসন্ধান)-এর সানুগ্রহ অবগতির জন্য)।
- ৪) কমিশনার (তদন্ত)-এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় কমিশনার (তদন্ত)-এর সানুগ্রহ অবগতির জন্য)।
- ৫) সচিব-এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬) সিস্টেম এনালিস্ট (তথ্য ও প্রযুক্তি সেল), দুর্নীতি দমন কমিশন, ঢাকা।
- ৭) প্রোগ্রামার, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২৪-১-২০২১

মুহাম্মদ মনিরুল ইসলাম

